গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাথরঘাটা, বরগুনা।
(www.pathorghata.barguna.gov.bd)

স্মারক নম্বর-০৫.১০.০৪৮৫.০১০.০১.০০৭.২৪-

তারিখ: ১৮ মাঘ ১৪৩০ / ০১ ফেব্রুয়ারি ২০২৪ ।

## হাট-বাজার ইজারা বিষয়ক দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ২১ সেপ্টেম্বর ২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকের মাধ্যমে সরকারি হাট-বাজার সমূহের ইজারা পদ্ধতি, ব্যবস্থাপনা সংক্রান্ত প্রাপ্ত সর্বশেষ নীতিমালা অনুযায়ী পাথরঘাটা উপজেলাধীন তফশীল বর্ণিত হাট-বাজারসমূহে বাংলা ১৪৩১ সনের (১লা বৈশাখ ১৪৩১ হতে ৩০ শে চৈত্র ১৪৩১) জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রতিটি হাটের জন্য পৃথক পৃথক ভাবে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী সকাল ৯:০০ টা হতে বেলা ১২:০০ টার মধ্যে জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), বরগুনা, পুলিশ সুপারের কার্যালয়, বরগুনা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাথরঘাটা এবং সহকারী কমিশনার (ভূমি), পাথরঘাটা এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে। দরপত্রসমূহ উল্লিখিত দপ্তর থেকে প্রাপ্তি সাপেক্ষে খোলা হবে। দরপত্রের সিডিউল দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), বরগুনা; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় পাথরঘাটা; সহকারী কমিশনার (ভূমি), পাথরঘাটা এর কার্যালয়, পাথরঘাটা থানা এবং সোনালী ব্যাংক লিঃ, পাথরঘাটা শাখা হতে সংশ্লিষ্ট হাট-বাজারের নামের পার্শ্বে উল্লেখিত পরিমাণ অফেরতযোগ্য নগদ মূল্য দ্বারা ক্রয় করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

## হাট-বাজারের তালিকা,সিডিউল ও সম্ভাব্য মূল্য:

| ক্রম | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সিডিউলের মূল্য | বাংলা ১৪৩১ সনের সম্ভাব্য মূল্য (গড়মূল্যের অতিরিক্ত ৬% সহ) | দরপত্র দাখিলের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | | |
| ০১. | লেমুয়া হাট | রায়হানপুর | ১,২০০/- | ২,৪৯,৮৪২/- | ১ম দফা=১৯/০২/২০২৪<br>২য় দফা=০৪/০৩/২০২৪<br>৩য় দফা=১৯/০৩/২০২৪ | বর্ণিত সময়সূচি মোতাবেক ১ম পর্যায়ে যে সকল হাটের দরপত্র গৃহীত হবে না বা দরপত্র পাওয়া যাবে না ২য় পর্যায়ে শুধুমাত্র সে সমস্ত হাট-বাজারের দরপত্র গ্রহণ করা হবে এবং একইভাবে ৩য় বারের দরপত্র গ্রহণ করা হবে। এ জন্য আলাদা কোন বিজ্ঞপ্তি জারি করা হবে না। |
| ০২. | মিয়ার হাট | রায়হানপুর | ৫০০/- | ৪১,৮৩৫/- | | |
| ০৩. | পিপুলিয়ার হাট | রায়হানপুর | ১,০০০/- | ১,২৮,৪১৯/- | | |
| ০৪. | নাচনাপাড়া হাট | নাচনাপাড়া | ১৩,৪০০/- | ৬৩,৭৭,৮৭৯/- | | |
| ০৫. | মানিকখালী হাট | নাচনাপাড়া | ৫০০/- | ১৬,৯৬০/- | | |
| ০৬. | বাঁশতলা হাট | নাচনাপাড়া | ৫০০/- | ১,৭৬৭/- | | |
| ০৭. | কুঞ্জপুর হাট | নাচনাপাড়া | ৫০০/- | ৩৩৬/- | | |
| ০৮. | চরদুয়ানী হাট | চরদুয়ানী | ২,০০০/- | ৬,৭৫,৫২৩/- | | |
| ০৯. | খলিফার হাট | চরদুয়ানী | ৫০০/- | ৭৭,৫০৪/- | | |
| ১০. | হোগলাপাশা বাসস্ট্যান্ড বাজার | চরদুয়ানী | ১,৪০০/- | ৩,২৭,০১০/- | | |
| ১১. | বাদুরতলা হাট | পাথরঘাটা | ৫০০/- | ১১,০২৪/- | | |
| ১২. | হাতেমপুর হাট | পাথরঘাটা | ৫০০/- | ৪,২৪০/- | | |
| ১৩. | টেংরা হাট | পাথরঘাটা | ৫০০/- | ৪৬,৬৪০/- | | |
| ১৪. | পদ্মা হাট | পাথরঘাটা | ৫০০/- | ১৯,০৮০/- | | |
| ১৫. | আমিরাবাদ | পাথরঘাটা | ৫০০/- | ১৮/- | | |
| ১৬. | কালমেঘা হাট | কালমেঘা | ১,৪০০/- | ৩,৯৪,৮৮৫/- | | |
| ১৭. | মুন্সির হাট | কালমেঘা | ১,৬০০/- | ৯,২৯,৭১২/- | | |
| ১৮. | ঘুটাবাছা হাট | কালমেঘা | ৫০০/- | ৬,০৪২/- | | |
| ১৯. | কাঞ্চুর হাট | কালমেঘা | ৫০০/- | ১৯,৪৭৭/- | | |
| ২০. | কাজির হাট | কাকচিড়া | ৫০০/- | ৪০,২৫৭/- | | |
| ২১. | কাকচিড়া হাট | কাকচিড়া | ৪,২০০/- | ১৭,০২,৫৩৭/- | | |
| ২২. | রূপধন হাট | কাকচিড়া | ৫০০/- | ৮০,১০১/- | | |
| ২৩. | ফকির হাট | কাকচিড়া | ৫০০/- | ২৪,৪৮৬/- | | |
| ২৪. | কাটাখালীর হাট | কাকচিড়া | ৫০০/- | ৩৬,১০১/- | | |
| ২৫. | কাঁঠালতলী হাট | কাঠালতলী | ৫০০/- | ১১,৩২৮/- | | |
| ২৬. | তালুকের চরদূয়ানী হাট | কাঠালতলী | ৫০০/- | ২৬,০৭৬/- | | |
| ২৭. | ছফিলপুর হাট | কাঠালতলী | ৫০০/- | ১৫৯/- | | |
| ২৮. | কামারের হাট | কাঠালতলী | ৩,৪০০/- | ১৩,৮৪,১৮৩/- | | |
| ২৯. | আজিজাবাদ | কাঠালতলী | ৫০০/- | ১০৬/- | | |

**ক্যালেন্ডার**

| পর্যায় নম্বর | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় (সকল কার্যালয়ে) | দরপত্র জমা দেয়ার তারিখ ও সময় (সকল কার্যালয়ে) | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় (অত্র কার্যালয়ে) |
|---|---|---|---|
| ১ম | ০৪/০২/২০২৪ হতে ১৮/০২/২০২৪তারিখ (অফিস চলাকালীন) পর্যন্ত | ১৯/০২/২০২৪ তারিখ দুপুর ১২.০০ টা পর্যন্ত | ১৯/০২/২০২৪ তারিখ বেলা ০২.৩০ টা |
| ২য় | ২২/০২/২০২৪ হতে ০৩/০৩/২০২৪ তারিখ (অফিস চলাকালীন) পর্যন্ত | ০৪/০৩/২০২৪ তারিখ দুপুর ১২.০০ টা পর্যন্ত | ০৪/০৩/২০২৪ তারিখ বেলা ০২.৩০ টা |
| ৩য় | ১০/০৩/২০২৪ হতে ১৮/০৩/২০২৪ তারিখ (অফিস চলাকালীন) পর্যন্ত | ১৯/০৩/২০২৪ তারিখ দুপুর ১২.০০ টা পর্যন্ত | ১৯/০৩/২০২৪ তারিখ বেলা ০২.৩০ টা |

**বাংলা ১৪৩১ সনের হাট-বাজার ইজারার শর্তাবলী:**

১. ১৪৩১ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২. দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, পাথরঘাটা এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর ও ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে, অন্যথায় জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক হাটটি পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক পর্যায়ের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য পর্যায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৫. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৬. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

৭. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৮. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

৯. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১০. ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১১. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১২. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা সংবলিত দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৩. প্রযোজ্য ক্ষেত্রে হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৪. চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৫. শর্তাবলীতে উল্লেখ না থাকার কোন পরিস্থিতি উদ্ভব হলে সেক্ষেত্রে সরকারি সংশ্লিষ্ট বিধিবিধান অনুসরণ করা হবে।

১৬. কোন হাট ইজারা না হলে তা সরকারি বিধি মোতাবেক খাস আদায়ের অন্তর্ভুক্ত হবে।

১৭. উল্লিখিত কোন এক বা একাধিক বা আংশিক শর্তভঙ্গের জন্য ইজারা বাতিল করা যাবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০১/০২/২০২৪
(মোঃ রোকনুজ্জামান খান)
উপজেলা নির্বাহী অফিসার
পাথরঘাটা, বরগুনা।
ফোন: ০২৪৭৮৮৮৭০১৪
Email-unopatharghata@mopa.gov.bd

সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঅনুলিপিপ্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ১১০, বরগুনা-২

০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩. কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

০৪. জেলা প্রশাসক, বরগুনা।
০৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরগুনা।
০৬. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বরগুনা।
০৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা, বরগুনা।
০৮. উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর/আমতলী/বেতাগী/বামনা/তালতলী, বরগুনা।
০৯. মেয়র, বরগুনা/আমতলী/পাথরঘাটা/বেতাগী পৌরসভা, বরগুনা।
১০. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা, বরগুনা।
১১. সহকারি কমিশনার (ভূমি), বরগুনা/আমতলী/পাথরঘাটা/বামনা/বেতাগী/তালতলী। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১২. অফিসার ইনচার্জ, পাথরঘাটা থানা, বরগুনা।
১৩. উপজেলা ..........................................................কর্মকর্তা, পাথরঘাটা, বরগুনা।
১৪. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, পাথরঘাটা। [বিজ্ঞপ্তিটি অত্র কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]
১৫. চেয়ারম্যান, রায়হানপুর/নাচনাপাড়া/চরদুয়ানী/পাথরঘাটা/কালমেঘা/কাকচিড়া/কাঠালতলী ইউনিয়ন পরিষদ, পাথরঘাটা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৬. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, পাথরঘাটা শাখা, বরগুনা।
১৭. সম্পাদক, ................................................। উপরোক্ত বিজ্ঞপ্তিটি ৪ কলামে ১৫ ইঞ্চি আকারে তার পত্রিকায় পরবর্তী সংখ্যায় একবার মাত্র প্রকাশের এবং প্রকাশিত বিজ্ঞপ্তির ০৫ কপি পত্রিকা বিল ভাউচারসহ অত্রাফিসে দাখিলের জন্য অনুরোধ জানানো হলো।
১৮. ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা, পাথরঘাটা/আমড়াতলা/লেমুয়া/চরদুয়ানী, পাথরঘাটা, বরগুনা। তার অধিক্ষেত্রের সকল হাট-বাজারে বিজ্ঞপ্তিটি মাইকযোগে/ঢোলসহরত পূর্বক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৯. সচিব, রায়হানপুর/নাচনাপাড়া/চরদুয়ানী/পাথরঘাটা/কালমেঘা/কাকচিড়া/কাঠালতলী ইউনিয়ন পরিষদ, পাথরঘাটা ।
২০. সভাপতি/সম্পাদক/ইজারাদার ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... হাট, পাথরঘাটা, বরগুনা।
২১. নোটিশ বোর্ড, . ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...।
২২. অফিস নথি।

02/02/24

(খান সালমান হাবীব)
সহকারী কমিশনার (ভূমি)
সদস্য-সচিব
উপজেলা হাট-বাজার ইজারা কমিটি
পাথরঘাটা, বরগুনা।